জেলা পরিষদ

বাগেরহাট

www.zpbagerhat.gov.bd

স্মারক নং ৪৬.৪২.০১০০.০০১.১১.১০.২৫-১৭৯ তারিখ: ২২-০৭-২০২৫খ্রি.

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্থানীয় সরকার বিভাগের (জেলা পরিষদ শাখা) ২১/০৭/২০২৫খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১০.১৯.১৫৫২ নং স্মারকে বাগেরহাট জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত " অফিস সহায়ক " এর শূন্যপদে ০১(এক) জন লোক নিয়োগের ছাড়পত্র অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০ (সংশোধন) এর বিধি মোতাবেক ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড ( জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | " অফিস সহায়ক " (গ্রেড- ২০) বেতন স্কেল (৮,২৫০-২০,০১০) | ০১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**আবেদনের শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম এ কার্যালয়ে এবং জেলা পরিষদ, বাগেরহাট এর ওয়েবসাইট www.zpbagerhat.gov.bd - এ পাওয়া যাবে।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৩। প্রার্থীকে চাকুরীর নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে।

০৪। সরকার কর্তৃক চাকুরীর নির্ধারিত আবেদন ফরমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট কে সম্বোধন করে ১৩-০৮-২০২৫খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে জেলা পরিষদ, বাগেরহাট এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, নিজ জেলার নাম, নিজের নাম ঠিকানা উল্লেখ করতে হবে ।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। প্রার্থীর বয়সসীমা ২৩-০৭-২০২৫খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না

০৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি যুক্ত স্পষ্ট সীল থাকতে হবে ;

(খ). সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত ;

(গ). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র ;

(ঘ). স্থানীয় ইউনিয়ন পরিষদের প্রশাসক/ পৌরসভা প্রশাসক /সিটি কর্পোরেশন প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি ;

(ঙ). প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর নামে পরীক্ষার ফি বাবদ ১০০/-( এক শত) টাকার ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(চ). পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ।

০৮। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৯। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদ,জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ,অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রমাণস্বরূপ সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

(চলমান পাতা নং-০২)

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২২.০৭.২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,বাগেরহাট
ফোন নং- ০২৪৭৭-৭৫২৪৮৮
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং ৪৬.৪২.০১০০.০০১.১১.১০.২৫- ১৭৯(১৪) তারিখঃ ২২-০৭-২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
4| প্রশাসক, জেলা পরিষদ,............. ( সকল)।
৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকর কার্যালয়, বাগেরহাট।
৭। পুলিশ সুপার, বাগেরহাট।
৮। সিভিল সার্জন, বাগেরহাট।

**অনুলিপি অবগতি এবং প্রচারার্থ প্রেরিত হলোঃ**

৯। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ কচুয়া/ মোরেলগঞ্জ /শরণখোলা /রামপাল/ ফকিরহাট/ মোল্লাহাট/চিতলমারী/ মোংলা, বাগেরহাট।
১০। জেলা হিসাব রক্ষন অফিসার,বাগেরহাট।
১১। অফিসার ইনর্চাজ,....................... বাগেরহাট (সকল)।
১২। সম্পাদক, দৈনিক ইত্তেফাক,ঢাকা / সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা বিজ্ঞপ্তিটি ৬×৩ ইঞ্চি কলামে ছুটির দিন ব্যতিরেকে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা গেল।
১৩। হিসাব রক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৪। অফিস কপি/ন্যেটিশ বোর্ড।

২২.০৭.২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,বাগেরহাট।